

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩৮

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৯

৩০ জুলাই ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।

**২। আজ ৩০ জুলাই ২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ৩০ জুলাই ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** মৌসুমী বায়ুর অক্ষ রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র দুর্বল অবস্থায় রয়েছে।

**পূর্বাভাস:** রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষন হতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম         | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---------------------|------|-----------|-----------|-------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা  | ৩৬.০ | ৩৪.৪      | ৩৫.০      | ৩৫.০  | ৩৫.৭    | ৩৫.০  | ৩৬.৬  | ৩৫.৯   |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৪ | ২৭.৪      | ২৫.৪      | ২৫.৮  | ২৬.৩    | ২৫.০  | ২৫.২  | ২৬.৪   |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৬.৬° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রংপুর ২৫.০° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

**৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আবহাওয়া সংস্থাসমূহের পূর্বাভাস অনুযায়ী, আগামী ৭২ ঘন্টায় দেশের উওরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের

উজানের কতিপয় স্থানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এর ফলে আগামী ৭২ ঘন্টায় দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের (সুরমা, কুশিয়ারা, যাদুকাটা, সারিগোয়াইন, সোমেশ্বরী, ভুগাই-কংশ) পানি সমতল কতিপয় পয়েন্টে সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

- আগামী ২৪ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে ডালিয়া পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে অথবা বিপদসীমার কাছাকাছি অবস্থান করতে পারে।

#### ৫। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

|                                 |     |                        |    |
|---------------------------------|-----|------------------------|----|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে    | ০  |
| বৃদ্ধি                          | ৫৮  | গেজ পাঠ পাওয়া যায়নি  | ০  |
| হ্রাস                           | ৪৮  | মোট তথ্য পাওয়া যায়নি | ০  |
| অপরিবর্তিত                      | ০৩  | বিপদসীমার উপরে         | ০০ |
| বন্যা আক্রান্ত জেলার সংখ্যা     |     |                        | ০০ |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা      |     |                        | ০০ |

#### ৬। বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (৩০ জুলাই, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---------|-----------|------------------|----------|-------------------------|---|------------------|-------------------------|
| -       | -         | -                | -        | -                       | -   | -                | -                       |

#### ৭। বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন        | বারিপাত (মি.মি.) | স্টেশন         | বারিপাত (মি.মি.) |
|---------------|------------------|----------------|------------------|
| বগুড়া        | ৬০.০             | রংপুর          | ৫২.০             |
| শেওলা (সিলেট) | ৫২.০             | আত্রাই (নওগাঁ) | ৫১.০             |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন          | বারিপাত (মি.মি.) | স্টেশন                   | বারিপাত (মি.মি.) |
|-----------------|------------------|--------------------------|------------------|
| গ্যাংটক (সিকিম) | ৪২.০             | জলপাইগুড়ি (পশ্চিম বঙ্গ) | ৩৪.০             |

#### ৮। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৮ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৯ জুলাই, ২০২২খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---------|-------------|---------------------|--------------|---------------|
| ১।      | ঢাকা        | ৪                   | ০            | ০             |
| ২।      | ময়মনসিংহ   | ১                   | ০            | ০             |
| ৩।      | বরিশাল      | ২                   | ০            | ০             |
| ৪।      | সিলেট       | ০                   | ০            | ০             |
| ৫।      | রাজশাহী     | ২                   | ০            | ১             |
| ৬।      | রংপুর       | ২                   | ০            | ০             |
| ৭।      | চট্টগ্রাম   | ১                   | ০            | ০             |

|    |       |    |   |   |
|----|-------|----|---|---|
| ৮। | খুলনা | ০  | ০ | ০ |
|    | মোট   | ১২ | ০ | ১ |



৩০-৭-২০২২

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩৮/১(১৭২)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৯

৩০ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
- ১৪) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৩০-৭-২০২২

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা